# জাতিসংঘে গাজায় ইসরায়েলের গণহত্যার তীব্র নিন্দা স্প্যানিশ প্রধানমন্ত্রীর



স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ। ছবি: সংগৃহীত

গাজায় ইসরায়েলি বাহিনীর সামরিক অভিযানকে 'গণহত্যা' হিসেবে উল্লেখ করে এর নিন্দা জানিয়েছেন স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজ।

বুধবার (২৩ সেপ্টেম্বর) জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে দেওয়া বক্তব্যে তিনি বলেন, গাজায় ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সরকার যে কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে, স্পেন তা কোনো রাখঢাক ছাড়াই নিন্দা করছে।

সানচেজ বলেন, গত আট বছর ধরে স্পেন যেকোনো ধরনের আগ্রাসী যুদ্ধের বিরোধিতা করে আসছে। ইউক্রেন, লেবানন কিংবা ইরান—যেখানেই আগ্রাসন হোক, স্পেনের অবস্থান যুদ্ধের বিপক্ষে।

তিনি আরও বলেন, সামরিক ব্যয় বাড়ানোর পথে স্পেন যায়নি। জাতিসংঘ সনদের বিরোধী যেকোনো হামলা ঠেকাতে তার সরকার সম্ভাব্য সব পদক্ষেপ নিয়েছে।

জাতিসংঘে দেওয়া বক্তব্যে স্পেনের প্রধানমন্ত্রী রাশিয়ার বিরুদ্ধে কার্যকর নিষেধাজ্ঞা অব্যাহত রাখার কথা জানান। একই সঙ্গে নেতানিয়াহু সরকারের ওপর পূর্ণাঙ্গ অস্ত্র নিষেধাজ্ঞা আরোপের প্রতিশ্রুতিও পুনর্ব্যক্ত করেন তিনি।

আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে কোনো ধরনের সামরিক আগ্রাসনে স্পেনের ভূখণ্ড ব্যবহার করতে দেওয়া হবে না বলেও স্পষ্ট করেন সানচেজ।

LENS ASIA